

23

কৃষি বিশ্ববিদ্যালয়  
কৃষি প্রকৌশল ও কারিগরি  
অনুষদের সকল ক্লাস ও  
পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মন-  
সিংহ), ১২ই মে (নিজস্ব সংবাদদাতার  
ফোন)। - কৃষি প্রকৌশল ও কারিগরি  
অনুষদের ছাত্র নেতৃবৃন্দ অনুষদের সকল  
ক্লাস এবং পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত  
নিয়েছেন। তা আজ থেকে কার্যকর হবে।

গতকাল এ অনুষদের ৩য় পর্ব সার্বিক  
পরীক্ষা চলাকালে ফার্ম পাওয়ারিং  
মেশিনারী বিভাগের সহকারী অধ্যাপক  
মোঃ আলী নকশের দায়ে একজন ছাত্রকে  
বহিষ্কার করেন।

এর প্রতিবাদে এবং এই শিক্ষকের  
পদত্যাগের দাবিতে ছাত্ররা প্রতিবাদ মিছিল  
ও সমাবেশ করে। তারা অনুষদের ভীন ও  
উক্ত শিক্ষকের কার্যালয় ভাঙচুর করে। এ  
সময় ফাঁকা গুলিও বর্ষিত হয়। ভীন-  
ঘটনার সুস্থ তদন্তের আশ্বাস দিলে ছাত্ররা  
শান্ত হয়। তবে ঘটনার সুস্থ তদন্ত না  
হওয়া পর্যন্ত তারা ক্লাস এবং পরীক্ষায়  
অংশ নেবে না বলে জানায়।